

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৯৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভাষনের সময় কোন ব্যক্তির আবেগাপ্পত হওয়া প্রসঙ্গে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ إِنْ تَوَاجَدَ عِنْدَ وَعْظٍ كَانَ لَهُ ذَلِكَ

আরবী

2793 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ التَّقَفِيُّ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنِ الْأَعْمَشِ عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ عَنْ خَيْثَمَةَ عَنْ عَدِيِّ بْنِ حَاتِمٍ قَالَ: قَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (اتَّقُوا النَّارَ) ثُمَّ أَعْرَضَ وَأَشَاحَ , قَالَ ثُمَّ قَالَ: (اتَّقُوا النَّارَ) ثُمَّ أَعْرَضَ وَأَشَاحَ , قَالَ ثُمَّ قَالَ: (اتَّقُوا النَّارَ) ثُمَّ أَعْرَضَ وَأَشَاحَ , قَالَ ثُمَّ قَالَ: (اتَّقُوا النَّارَ وَلَوْ بِشِقِّ تَمْرَةٍ فَإِنْ لَمْ تَجِدُوا فَبَكِلِمَةٍ طَيْبَةٍ)

الراوي: عَدِيّ بْن حَاتِمٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2793 ا خلاصة حكم المحدث: صحيح. ((مشكلة الفقر)) (115)، ((التعليق على ابن خزيمة)) (2428)، ومضى (665).

বাংলা

২৭৯৩. আদী বিন হাতিম রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভাষন দেওয়ার জন্য দাঁড়ান অতঃপর বলেন, "তোমরা জাহান্নাম থেকে নিজেকে বাঁচানোর চেষ্টা কর।" তারপর তিনি মুখ ফিরিয়ে নেন এবং নিজেকে বাঁচানোর চেষ্টা করেন। তারপর তিনি আবার বলেন, "তোমরা জাহান্নাম থেকে নিজেকে বাঁচানোর চেষ্টা কর।" তারপর তিনি মুখ ফিরিয়ে নেন এবং নিজেকে বাঁচানোর চেষ্টা করেন, এমনকি আমাদের মনে হলো যেন তিনি জাহান্নাম দেখতে পাচ্ছেন। তারপর তিনি আবারো বলেন, "এক টুকরো খেজুরের বিনিময়ে হলেও তোমরা জাহান্নাম থেকে নিজেকে বাঁচানোর চেষ্টা করো।" যদি তোমরা সেটাও না পাও, তবে ভালো কথার মাধ্যমে (জাহান্নাম থেকে নিজেকে বাঁচানোর চেষ্টা করো)।"[1]

ফুটনোট



[1] তাবারানী, আল কাবীর: ১৭/১৯১; মুসন্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১১০; সহীহ মুসলিম: ১০১৬; সহীহ আল বুখারী: ৬৫৪০; আবু নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ৭/১২৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকু আলা ইবনে খুযাইমাহ: ২৪২৮-২৪২৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন